# বিএনপির দখলে বাসস্ট্যান্ড-লঞ্চঘাট, জামায়াতের দখলে বিশ্ববিদ্যালয় : আলতাফ হোসেন চৌধুরী



সংগৃহীত ছবি

সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী ও বিএনপির ভাইস চেয়ারম্যান আলতাফ হোসেন চৌধুরী অভিযোগ করেছেন, দেশের অধিকাংশ বিশ্ববিদ্যালয়ে বর্তমানে জামায়াতপন্থীরা ভাইস চ্যান্সেলর হিসেবে দায়িত্ব পালন করছেন। একইভাবে বিভিন্ন আদালতের ম্যাজিস্ট্রেট ও হাইকোর্টের নতুন নিয়োগপ্রাপ্ত বিচারপতিদের মধ্যেও জামায়াতের প্রভাব দেখা যাচ্ছে বলে তিনি মন্তব্য করেন। আলতাফ হোসেন চৌধুরীর ভাষায়— "আমরা কারও বদনাম করছি না, শুধু বাস্তবতার সঙ্গে তুলনা টানছি।"

গত ১৪ আগস্ট (বৃহস্পতিবার) সন্ধ্যায় পটুয়াখালী শহরের শের-ই-বাংলা সড়কের সারাইয়া ভবনে জেলা কৃষকদলের এক মতবিনিময় সভায় তিনি এ মন্তব্য করেন। ওই বক্তব্যের একটি ভিডিও রোববার (১৭ আগস্ট) সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে স্থানীয় নেতাকর্মীদের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়।

সভায় তিনি বলেন, "আমাদের পটুয়াখালীর চিত্র দেখেন— আমরা বাসস্ট্যান্ড দখল করছি, লঞ্চঘাট দখল করছি, ফেরিঘাট দখল করছি; আর জামায়াত দখল করছে বিশ্ববিদ্যালয়। এখন পার্থক্যটা বুঝতে পারছেন? শুধু নেতা হওয়াই যথেষ্ট নয়, নেতৃত্বের গুণ থাকতে হবে। যদি মনে করেন চাঁদাবাজি আর দখলবাজিই মূল কাজ, তাহলে নেতৃত্ব দেবেন কখন?"

এ সময় সভায় কৃষকদলের সাধারণ সম্পাদক ইভান শিকদার, সভাপতি প্রার্থী জাকির হাওলাদার, জেলা যুবদলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আল-আমীন সুজন, জেলা ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক আল হেলাল নয়নসহ বিভিন্ন স্তরের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এ বিষয়ে জেলা বিএনপির সাধারণ সম্পাদক মজিবুর রহমান টোটন বলেন, "আমি ঢাকায় ছিলাম, এখন পটুয়াখালী যাচ্ছি। এমন বক্তব্য আমার নজরে আসেনি। ভিডিওটি দেখে তারপরই বলা সম্ভব হবে কেন তিনি এ মন্তব্য করেছেন।"

LENS ASIA